বাংলাদেশের মুক্তিযুদ্ধের 50 Bangladesh

মুজিব বর্ষ 100

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

উপজেলা পরিষদ
গোয়াইনঘাট, সিলেট।
gowainghat.sylhet.gov.bd

## ৫ম উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট এর ৩২ (বত্রিশ) তম সভার কার্যবিবরণী

সভাপতি : মোহাম্মদ ফারুক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট।
তারিখ : ১১ নভেম্বর ২০২১ খ্রি.
সময় : বেলা ১১.০০ ঘটিকা
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, গোয়াইনঘাট
সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট- ক
সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট- খ

সভাপতি সভায় উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ করেন। উপজেলা নির্বাহী অফিসার আলোচ্য সূচী অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনা করেন। সভার কার্যপত্র মোতাবেক এবং উপস্থিত সদস্যগণের আলোচনার প্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র. | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। কার্যবিবরণীর বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং পাঠ শেষে তিনি অনুমোদনের প্রস্তাব করেন। | বিগত সভার কার্যবিবরণীতে কোনোরুপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার গৃহীত সকল সিদ্ধান্তের পর্যালোচনা করেন। পর্যালোচনা শেষে দেখা যায়, গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম চলমান ও সন্তোষজনক রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে গৃহীত সিদ্ধান্তের সকল কার্যক্রম দ্রুত বাস্তবায়ন ও সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান |
| ০৩ | কমিটির সুপারিশ সমূহ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ | সভায় স্থায়ী কমিটি হতে প্রাপ্ত সুপারিশসমূহ বিস্তারিতভাবে পর্যালোচনা পূর্বক সুপারিশসমূহ যুক্তিযুক্ত হওয়ায় তা বাস্তবায়নে উপস্থিত সকলে একমত পোষণ করেন। ১৭টি স্থায়ী কমিটির সভা নিয়মিতভাবে আহ্বান পূর্বক সুপারিশ সমূহ সভায় উপস্থাপনের বিষয়ে সংশ্লিষ্ট কমিটির সদস্য সচিবগণকে অনুরোধ করা হয়। | স্থায়ী কমিটির সভাসমূহ বিধিমোতাবেক আয়োজন পূর্বক প্রয়োজনীয় সুপারিশ সভায় উপস্থাপনের জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কমিটির সভাপতি ও সদস্য সচিব |
| ০৪ | নিয়মিত রাজস্ব ব্যয় অনুমোদন | (ক) উপজেলা পরিষদ চেয়ারম্যান এর অক্টোবর/২০২১ খ্রি. মাসের ১০,৬২৫/- টাকার ভ্রমণ ব্যয়, ভাইস চেয়ারম্যানের ৬৫০০/- টাকার ভ্রমণ ব্যয় এবং মহিলা ভাইস চেয়ারম্যান এর ৬৫০০/- টাকার ভ্রমণ ব্যয় ও ভ্রমণ বিবরণী অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।<br>(খ) আপ্যায়ন ব্যয় বাবদ ৩০,০০০/- টাকা এবং অন্যান্য আনুষাঙ্গিক ব্যয় বাবদ- ৫,০০০/- টাকার বিল ভাউচার অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। | উপস্থাপিত ভ্রমণ বিবরণী অনুসারে ভ্রমণ ব্যয়, আপ্যায়ন বিল ও অন্যান্য আনুষাঙ্গিক ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| ০৫ | বিবিধ | (ক) উপজেলা প্রকৌশলী সভায় জানান, উপজেলা প্রকৌশলী সভায় জানান, বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ২০২১-২২ অর্থ বছরে ২টি কিস্তিতে প্রাপ্ত রবাদ্দের আলোকে প্রস্তাবিত স্কিম সমূহ নীতিমালার আলোকে প্রকল্প বাছাই কমিটি যাচাই-বাছাই পূর্বক চূড়ান্ত স্কিম তালিকা প্রস্তুত করেন। তিনি উক্ত তালিকা (পরিশিষ্ট-গ) অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। উপজেলা নির্বাহী অফিসার আলোচনায় অংশ নিয়ে বলেন, গোয়াইনঘাট একটি পর্যটন সমৃদ্ধ এলাকা হওয়ায় এখানে পর্যটনের উন্নয়নে প্রকল্প গ্রহণ করা হলে কর্মসংস্থান সৃষ্টির পাশপাশি এসাথে সংশ্লিষ্টদের আয় বৃদ্ধি পাবে। | (ক) বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) ২০২১-২২ অর্থ বছরের গৃহীত প্রকল্প (পরিশিষ্ট-গ) সর্বসম্মতক্রমে অনুমোদিত হয় এবং যথাযথভাবে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী এলজিইডি |
| | | (খ) উপজেলা যুব উন্নয়ন বিভাগের প্রতিনিধি সভায় জানান, শিক্ষিত বেকার যুব-যুবতীদের আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে | (খ) গোয়াইনঘাট উপজেলায় দীর্ঘমেয়াদি কুটিরশিল্প প্রশিক্ষণ | উপজেলা যুব উন্নয়ন |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রাতিষ্ঠানিক/ভ্রাম্যমান যুব প্রশিক্ষণ চলমান। উপজেলা নির্বাহী অফিসার আলোচনায় অংশ নিয়ে বলেন, যুব উন্নয়নের আওতায় স্বল্পমেয়াদি প্রশিক্ষণের পরিবর্তে দীর্ঘমেয়াদি কুঠিরশিল্প প্রশিক্ষণ উপজেলা পর্যায়ে আয়োজনের বিষয়ে ব্যবস্থা গ্রহন করা যেতে পারে। | আয়োজনের বিষয়ে সংশ্লিষ্ট বিভাগে পত্র প্রেরণের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | কর্মকর্তা |
| | | (গ) উপজেলা কৃষি অফিসার সভায় বলেন, কৃষি প্রণোদনায় ৫০একর জমিতে কৃষি যন্ত্রের ব্যবহারের মাধ্যমে ব্যুরো মৌসুমে সমলায় চাষাবাদ করা হবে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ আলোচনায় অংশ নিয়ে বলেন, গোয়াইনঘাট উপজেলা কৃষিক্ষেত্রে ব্যাপক সম্ভাবনাময় একটি উপজেলা। কৃষির উন্নয়নে সামগ্রীকভাবে একটি বৃহৎ পরিকল্পনা গ্রহন পূর্বক এ বিষয়ে বরাদ্দ আনার ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। | (গ) কৃষি প্রণোদনায় ৫০একর জমিতে কৃষি যন্ত্রের ব্যবহারের মাধ্যমে ব্যুরো মৌসুমে সমলায় চাষাবাদ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার |
| | | (ঘ) প্রশাসক, ১১নং মধ্য জাফলং সভায় জানান, নবগঠিত ১১নং মধ্য জাফলং ইউনিয়নের প্রশাসকের দায়িত্ব পাওয়ার পর সাবেক জাফলং ইউনিয়ন পরিষদের পরিত্যাক্ত ঝরাজীর্ণ টিনসেড ঘরে ১১নং মধ্য জাফলং ইউনিয়ন পরিষদের কার্যক্রলাম পরিচালনা করা হচ্ছে। তিনি নবগঠিত ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কার্যক্রম পরিচালনায় সহযোগিতা প্রদানের অনুরোধ জানান। তিনি সভাকে আরও জানান, এলাকাবাসীর দাবি অনুযায়ী ইউনিয়নের পরিষদের জায়গা বেশি হলেও কাগজপত্রে ১৫শতাংশ রয়েছে। উপজেলা নির্বাহী অফিসার আলোচনায় অংশ নিয়ে জানান, ইউনিয়ন পরিষদের জমির নিকটস্থ গোদাম ঘরের জমি ইউনিয়ন পরিষদের কিনা এবং এ গোদাম ঘর ব্যবহারের বিষয়ে পদক্ষেপ গ্রহণের জন্য এলজিইডি ও খাদ্য বিভাগের সমন্বয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলেও এ বিষয়ে অদ্যাবধি পাওয়া যায়নি। ইউনিয়ন পরিষদের পুরাতন দলিলাদিসহ সহকারী কমিশনার (ভূমি) বরাবরে নামজারি আবেদন করার জন্য প্রশাসকের দৃষ্টি আকর্ষণ করা হয়। | (ঘ-১) নবগঠিত ১১নং মধ্য জাফলংয়ের জমি সংক্রান্ত জটিলতা দ্রুত নিরসনে এবং পরিত্যাক্ত গোদাম ঘর ব্যবহারের বিষয়ে ব্যবস্থা গ্রহণে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ঘ-২) ইউনিয়ন পরিষদের পুরাতন দলিলাদি উপস্থাপন স্বাপেক্ষে সহকারী কমিশনার (ভূমি), গোয়াইনঘাট বরাবরে নামজারি আবেদন করার অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br><br>প্রশাসক ১১নং মধ্য জাফলং ইউপি |
| | | (ঙ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, গোয়াইন বাজারে অগ্নিকান্ডের ঘটনায় অধিক ক্ষতিগ্রস্থ ৪টি দোকান উপজেলা পরিষদ হতে আর্থিক সাহায্য প্রদানের লক্ষ্যে আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে সরেজমিন তদন্ত পূর্বক উপযুক্ততা যাচাই করে আর্থিক সহায়তার লক্ষ্যে জেলা প্রশাসক, সিলেট বরাবরে পত্র প্রেরণ করা হয়েছে। উপজেলা প্রকৌশলী, এলজিইডি আলোচনায় অংশ নিয়ে জানান, বন্যার কারণে ক্ষতিগ্রস্থ জনগুরুত্বপূর্ণ কয়েকটি রাস্তা চেয়ারম্যান, উপজেলা পরিষদের নির্দেশনা মোতাবেক রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে জরুরী ভিত্তিতে মেরামত করা হয়। তন্মধ্যে পিরিজপুর-সোনারহাট রাস্তার উনাইর ভাঙ্গা ১ম ব্রীজের এপ্রোচ মেরামতে ১,৯৯,৯৩২/- টাকা ব্যয় হয় এবং গোয়াইনঘাট-রাধানগর রাস্তায় জরুরী মেরামত কাজ বাবদ ৯৮,২০০/- টাকা ব্যয় হয়। ২০২০-২১ অর্থ বছরে অপ্রত্যাশিত খাতে পর্যাপ্ত তহবিল না থাকায় পিরিজপুর-সোনারহাট রাস্তার উনাইর ভাঙ্গা ১ম ব্রীজের এপ্রোচ মেরামত কাজের ১,৪৯,৪৩২/- টাকা পরিশোধ করা হয় এবং গোয়াইনঘাট-রাধানগর রাস্তার জরুরী মেরামত কাজের বিল পরিশোধ করা হয়নি। তিনি পিরিজপুর-সোনারহাট রাস্তার উনাইর ভাঙ্গা ১ম ব্রীজের এপ্রোচ মেরামত কাজের অবশিষ্ট ৫০,৫০০/- (পঞ্চাশ হাজার পাঁচশত) এবং গোয়াইনঘাট-রাধানগর কাজের ৯৮,২০০/- (আটানব্বই হাজার দুইশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে পরিশোধের জন্য সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, উক্ত রাস্তাগুলি অধিক জনগুরুত্বপূর্ণ হওয়ায় যোগাযোগ ব্যবস্থা সচল রাখার স্বার্থে | (ঙ-১) অগ্নিকান্ডে অধিক ক্ষতিগ্রস্থ ৪টি দোকানের মালিককে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ১ম জনকে ২০,০০০/- টাকা এবং অবশিষ্ট ৩জনকে ১০,০০০/- টাকা হারে মোট ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা আর্থিক সহায়তা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(ঙ-২) পিরিজপুর-সোনারহাট রাস্তার উনাইর ভাঙ্গা ১ম ব্রীজের এপ্রোচ মেরামত কাজের অবশিষ্ট ৫০,৫০০/- (পঞ্চাশ হাজার পাঁচশত) এবং গোয়াইনঘাট-রাধানগর কাজের ৯৮,২০০/- (আটানব্বই হাজার দুইশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br><br>উপজেলা নির্বাহী অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | তাৎক্ষনিকভাবে মেরামত করা হয়। | | |
| | | (চ) উপজেলা প্রকৌশলী, এলজিইডি সভায় জানান, বিভিন্ন প্রকল্পের আওতায় উপজেলার নিম্নবর্ণিত রাস্তা সমূহের উল্লেখিত চেইনেজে বন্যায় বিধ্বস্ত বিদ্যমান কালভার্ট ও ফুটব্রীজ এর স্থলে নতুন ব্রীজ নির্মাণ করার জন্য ঠিকাদার নিয়োগ করা হয়েছে। তিনি উক্ত রাস্তা সমূহের চেইনেজে বিধ্বস্ত ব্রীজ-কালভার্ট সমূহ কোটেশনের মাধ্যমে অপসারণের প্রস্তাব করেন। তিনি সভায় ২১/১২/২০২১ খ্রি: তারিখের উপজেলা পরিষদের মাসিক সভার পরিশিষ্ট-ক প্রকল্প তালিকার ১১নং প্রকল্প "ফারুক আহমদ কুনকিরি উচ্চ বিদ্যালয়ের সীমানা নির্মাণ" প্রকল্পের পরিবর্তে "ফারুক আহমদ কুনকিরি উচ্চ বিদ্যালয়ের গেইট নির্মাণ" প্রকল্প গ্রহণের প্রস্তাব করেন।<br>১) জাফলং বাজার নবমখন্ড রাস্তায় ২৫৩৪ মি. চেইনেজে বিধ্বস্ত ফ্রুটব্রিজ নিলাম<br>২) তোয়াকুল ইউপি কুরিখলা রাস্তায় ২০৭৫মি. চেইনেজে বিধ্বস্থ ফুটব্রিজ নিলাম<br>৩) কান্দিগ্রাম চিরুরপাড়া রাস্তায় ২৭৫মি চেইনেজে বিধ্বস্থ ফুটব্রীজ নিলাম। | (চ-১) প্রস্তাবিত বিধ্বস্ত ব্রিজ-কালভার্ট সমূহ দ্রুত বিধি মোতাবেক অপসারণ পূর্বক রাস্তার সংস্কার কাজ শুরু করার বিষয়ে উপজেলা প্রকৌশলী ব্যবস্থা নিবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(চ-২) "ফারুক আহমদ কুনকিরি উচ্চ বিদ্যালয়ের সীমানা নির্মাণ" প্রকল্পের পরিবর্তে "ফারুক আহমদ কুনকিরি উচ্চ বিদ্যালয়ের গেইট নির্মাণ" প্রকল্প অনুমোদন ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি<br>উপজেলা প্রকৌশলী এলজিইডি |
| | | (ছ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান, উপজেলা পরিষদের চেয়ারম্যানের ব্যবহৃত জীপ গাড়ি মেরামত বিল বাবদ ৪৯,৭০০/- (উনপঞ্চাশ হাজার সাতশত) টাকার ভাউচার দাখিল করা হয়েছে। তিনি সভাকে জানান, এক অর্থ বছরে এখাতে সর্বোচ্চ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয় করা যায়। ইতোপূর্বে এখাত হতে ৫০,৩০০/- (পঞ্চাশ হাজার তিনশত) টাকার মেরামত বিল পরিশোধ করা হয়েছে। তিনি সভায় উক্ত ৪৯,৭০০/- (উনপঞ্চাশ হাজার সাতশত) টাকার বিল পরিশোধের প্রস্তাব করেন। তিনি সভায় আরও বলেন, মহান বিজয় দিবস ২০২১ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের বিবিধ দিবস খাত হতে আর্থিক সহায়তা প্রদান করা জরুরী। তিনি সভাকে এক অর্থ বছরে এখাতে সর্বোচ্চ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যয় করা যায়। | (ছ-১) উপজেলা পরিষদের ব্যবহৃত জীপ গাড়ি মেরামত বিল বাবদ ৪৯,৭০০/- (উনপঞ্চাশ হাজার সাতশত) টাকা উপজেলা রাজস্ব তহবিলে গাড়ি মেরামত খাত হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ছ-২) মহান বিজয় দিবস ২০২১ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের বিবিধ দিবস খাত হতে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা অগ্রীম উত্তোলনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>উপজেলা নির্বাহী অফিসার |
| | | (জ) উপজেলা প্রকৌশলী সভায় বলেন, উপজেলা হলরুমে সরকারী বিভিন্ন কর্মসূচি নির্বিঘ্নে করা এবং শিক্ষার্থীদের ভ্যাকসিন প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে মাননীয় মন্ত্রী, প্রবাসী কল্যান ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় মহোদয় ২টনের ১৪টি এসি উপহার হিসেবে প্রদান করেছেন। এসকল এসি স্থাপনে থ্রি-ফেইজ বিদ্যুৎ লাইন সংযোগ কাজ বাবদ ৭১,৮৭৫/- টাকা; হলরুমের ভ্যান্টিলেটরে প্রটেক্টর থাই গ্লাস লাগানোর কাজ বাবদ ১,১৫,০০০/- টাকা এবং এসিতে বিদ্যুৎ সংযোগ প্রদান কাজ বাবদ ৭২,২৫০/- টাকার বিলসহ মোট ২,৫৯,১২৫/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার একশত পঁচিশ) টাকার বিল ভাউচার পাওয়া যায়। তিনি এসকল বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের লক্ষ্যে সভায় প্রস্তাব করেন। তিনি সভায় আরও জানান, উপজেলা পরিষদ কমপ্লেক্স এর সুরমা-২ ভবনের পয়:নিষ্কাশন কাজ বাবদ ৬,০০০/- (ছয় হাজার) টাকা ও সহকারী কমিশনার (ভূমি) এর বাসভবন সংস্কার বাবদ ২৬,১৫০/- (ছাব্বিশ হাজার একশত পঞ্চাশ) টাকার বিল ভাউচার পাওয়া গেছে। তিনি এ সকল খরচ উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের বাসা-বাড়ি মেরামত খাত হতে পরিশোধের লক্ষ্যে সভায় প্রস্তাব করেন। উপজেলা নির্বাহী অফিসার সভায় আলোচনায় অংশ নিয়ে বলেন, মাননীয় মন্ত্রী, প্রবাসী কল্যান ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় মহোদয়ের এ উদ্যোগ | (জ-১) নবনির্মিত উপজেলা হলরুমে স্থাপনের লক্ষ্যে ২টনের ১৪টি এসি উপহার হিসেবে প্রদানের জন্য জনাব ইমরান আহমদ, এমপি ও মাননীয় মন্ত্রী, প্রবাসী কল্যান ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় মহোদয়কে ধন্যবাদ জ্ঞাপন প্রস্তাব গৃহীত হয়।<br>(জ-২) নবনির্মিত উপজেলা হলরুমে এসি স্থাপনের লক্ষ্যে ত্রি-ফেইজ বিদ্যুৎ সংযোগ স্থাপন, হলরুমে থাই গ্লাস স্থাপন ও হলরুমের অভ্যন্তরে বিদ্যুৎ সংযোগ প্রদান কাজ বাবদ চাহিদাকৃত বিলের বিষয়ে উপজেলা প্রকৌশলী, এলজিইডি যাচাইক্রমে পরবর্তী সভায় উপস্থাপন করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(জ-৩) উপজেলা পরিষদ কমপ্লেক্সের | উপজেলা নির্বাহী অফিসার<br>উপজেলা প্রকৌশলী এলজিইডি<br>উপজেলা নির্বাহী |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | নি:সন্দেহে একটি প্রসংশনীয়। তিনি সভায় একটি ধন্যবাদ প্রস্তাব আনার আহ্বান জানান। | সুরমা-২ ভবনের পয়:নিষ্কাশন কাজ বাবদ ৬,০০০/- (ছয় হাজার) টাকা এবং সহকারী কমিশনার (ভূমি) এর বাসভবন মেরামত কাজ বাবদ ২৬,১৫০/- (ছাব্বিশ হাজার একশত পঞ্চাশ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের বাসা-বাড়ি মেরামত খাত হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | অফিসার |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে ও নিয়মিত সভায় যথাসময়ে উপস্থিত থাকার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/১১/২১

(মোহাম্মদ ফারুক আহমদ)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
গোয়াইনঘাট, সিলেট।
uzpgowainghat.sylhet@gmail.com

স্মারক নং : ০৫.৪৬.৯১৪১.০০০.৪৭.০১২.১৯.১০৩৩

তারিখ : ২১-১১-২০২১ খ্রি.।

০০-০১। মাননীয় সংসদ সদস্য, ২৩২- সিলেট- ৪ ও মন্ত্রী, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০০-০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০০-০৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
০০-০৪। জেলা প্রশাসক, সিলেট।
০০-০৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, সিলেট।
০০-০৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট।
০০-০৭। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোয়াইনঘাট, সিলেট।
০৮-২২। উপজেলা ..........................................................কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), গোয়াইনঘাট, সিলেট।
০০-২৩। অফিসার ইনচার্জ, গোয়াইনঘাট থানা, সিলেট।
২৪-৩৪। চেয়ারম্যান/প্রশাসক............................................ ইউ/পি (সকল), গোয়াইনঘাট, সিলেট।
৩৫-৪০। জনাব..........................................................গোয়াইনঘাট, সিলেট।

২১/১১/২১

(তাহমিলুর রহমান)
পরিচিতি নং- ১৭৩৮২
উপজেলা নির্বাহী অফিসার
গোয়াইনঘাট, সিলেট।
ফোন- ০৮২২৮৫৬০০১।
unogowainghatsyl@gmail.com